



## দ্বিতীয় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭.১৪-৩৬০

তারিখঃ ২৭ কার্তিক ১৪২৭  
১২ নভেম্বর ২০২০

বিষয়ঃ মাননীয় হাইকোর্টের রিট পিটিশন নং-৬১৭১/২০১৩ এর ২৮/০১/২০১৬ খ্রি: তারিখের রায় মোতাবেক বরগুনা জেলার সদর উপজেলাধীন আয়লা পাতাকাটা দারুল উলুম ছালেহিয়া দাখিল মাদ্রাসায় কর্মরত জনাব মো: হেলাল উদ্দিনকে সহকারী শিক্ষক (সামাজ বিজ্ঞান) পদে এমপিওভুক্তি সংক্রান্ত।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫৫.১৮-১৫৬, তারিখ: ০৮/০৫/২০১৮ খ্রি:।  
(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭.১৪-৩৯৮, তারিখ: ২৯/০৮/২০২০ খ্রি:।  
(৩) জনাব মো: হেলাল উদ্দিন, সহকারী শিক্ষক (সামাজ বিজ্ঞান) কর্তৃক দাখিলকৃত আবেদন, তারিখ: ২০/৯/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত (১) নং পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার সদর উপজেলাধীন আয়লা পাতাকাটা দারুল উলুম ছালেহিয়া দাখিল মাদ্রাসায় নিয়োগকৃত সহকারী শিক্ষক জনাব মো: হেলাল উদ্দিন কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৬১৭১/২০১৩ মামলা দায়ের করা হয়।

০২। উক্ত রিট পিটিশন নং-৬১৭১/২০১৩ মামলার ২৮/০১/২০১৬ তারিখের রায়/আদেশ নিম্নরূপ-

" The respondents are directed to make necessary correction in the Monthly Payment Order (MPO) in respect of the petitioner in the higher scale with effect from 20.6.2012 i.e the date of his joining as an Assistant Teacher of Aylapatakata Darul Ulum Salehia Dakhil Madrasha, Barguna and disburse his arrear salary and other benefits within 60 (sixty) days from the date of receipt of the copy of this Judgment"

০৩। উপরিউক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩২৬৮/২০১৬ (রিট পিটিশন নং- ৬১৭১/২০১৩ হতে উদ্ভূত) মামলা দায়ের করা হয়। উক্ত আপিল মামলায় ১৩/০৩/২০১৭ খ্রি: তারিখে বিজ্ঞ আপিল ডিভিশন কর্তৃক নিম্নরূপ আদেশ দেয়া হয়-

"The leave petition is out of time by 260 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation."

০৪। ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায় বিধায় রিট পিটিশন নং-৬১৭১/২০১৩ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত আদেশ বাস্তবায়ন ব্যতীত সরকার তথা টিএমইডি এর পক্ষে অন্য কোনরূপ আইনগত প্রতিকার লাভের সুযোগ আছে মর্মে প্রতীয়মান হয় না। মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের উক্ত নির্দেশনা অনুযায়ী আয়লা পাতাকাটা দারুল উলুম ছালেহিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সামাজ বিজ্ঞান) জনাব মো: হেলাল উদ্দিন (ইনডেপেন্ডেন্ট নং-০৭৮৪৬৭)-কে সহকারী শিক্ষক (সামাজ বিজ্ঞান) পদে ২০/০৬/২০১২ খ্রি: তারিখ হতে ১১ নং কোডে (৬৪০০/- টাকা) এমপিওভুক্তক্রমে এমপিও প্রদান আবশ্যিক।

০৫। উক্ত প্রেক্ষাপটে রিট পিটিশন নং-৬১৭১/২০১৩ মামলায় মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ২৮/০১/২০১৬ তারিখের রায়/নির্দেশনা বাস্তবায়নক্রমে আগামী ২০/১১/২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ বিভাগকে (প্রমাণকসহ) অবহিতকরণসহ সরকার বিপক্ষে একচেটিয়াভাবে রায় হওয়া প্রতিরোধে ব্যবস্থা নেয়াসহ চলমান মামলাগুলো মনিটরিংক্রমে Follow up তথ্য পাঠানোর জন্য সূত্রোক্ত (২) নং স্মারকুলে অনুরোধ করা হয়েছিল। কিন্তু উক্ত স্মারকের নির্দেশনা বাস্তবায়ন না হওয়ায় (পিটিশনার-কে এমপিওভুক্তকরণ সহ বকেয়া না পাওয়ায়) জনাব মো: হেলাল উদ্দিন (ইনডেপেন্ডেন্ট নং-০৭৮৪৬৭) কর্তৃক সচিব, টিএমইডি বরারব পুনরায় সূত্রোক্ত (৩) নং আবেদন দাখিল করা হয়েছে।

০৬। এমতাবস্থায়, টিএমইডি হতে সূত্রোক্ত (২) নং স্মারকসূলে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন তথা জনাব মো: হেলাল উদ্দিন (ইনডেপেন্ডেন্ট নং-০৭৮৪৬৭), সহকারী শিক্ষক-সামাজিক বিজ্ঞান (ইংরেজী) এর বর্তমান কর্মস্থল "বরগুনা জেলার সদর উপজেলাধীন আয়লা পাতাকাটা দারুল উলুম ছালেহিয়া দাখিল মাদ্রাসা, ইপিটিউশন এমপিও নং-৬৫০৩০৫২১০২" প্রতিষ্ঠানে তাঁর নাম ১১ নং কোডে এমপিওভুক্ত করে ২০/৬/২০১২ তারিখ হতে বর্তমান পর্যন্ত বকেয়াসহ এমপিও প্রদানের ব্যবস্থা নিশ্চিতক্রমে আগামী ২৬/১১/২০২০ তারিখের মধ্যে তথ্যাদি (প্রমাণকসহ) টিএমইডি-কে (উক্ত এমপিও প্রদানে বিলম্বের কারণ উল্লেখসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে দ্বিতীয়বার অনুরোধ করা হল।

(মো: আ: খালেক সিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩  
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মাননীয় সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় সচিবের সদয় অবগতির জন্য)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সুপারিনটেনডেন্ট, আয়লা পাতাকাটা দারুল উলুম ছালেহিয়া দাখিল মাদ্রাসা, পো: আদাবাড়ীয়া, উপজেলা-সদর, জেলা-বরগুনা।
- ৭। অফিস কপি/মাষ্টার কপি।